



নির্বাচন কমিশনে ফ্যাসিস্টের দোসর আছে কিনা জানতে চেয়েছে বিএনপি: রুহুল কবির রিজভী



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন (ইসি) ভবনে দুই কমিশনারের সঙ্গে বৈঠক শেষে বিএনপি নেতা রুহুল কবির রিজভী ফ্যাসিবাদী শক্তির সম্ভাব্য প্রভাব নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বলেন, তার দল জানতে চেয়েছে যে ইসি'র ভেতরেও 'ফ্যাসিস্টের দোসররা' কোনো ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে কি না।

রবিবার (৩১ আগস্ট) নির্বাচন কমিশনার আব্দুর রহমান মাসুদ এবং মো. আনোয়ারুল ইসলাম সরকারের সঙ্গে বৈঠক শেষে রিজভী সাংবাদিকদের বলেন, "সিভিল প্রশাসনের অনেক ঘটনা আমাদের চোখে পড়েছে। তাই আমরা জানতে চেয়েছি, [ফ্যাসিস্টের] দোসররা এখানে (ইসি'তে) কী ধরনের ভূমিকা রাখছে এবং তারা অবাধ নির্বাচন ব্যাহত করতে কোনো ষড়যন্ত্র করেছে কি না।"

বিএনপির এই নেতা জানান যে, ইসি কর্মকর্তারা তাদের আশ্বস্ত করেছেন। রিজভী বলেন, "আমরা ইসির আন্তরিকতার অভাব দেখিনি। তারা জানিয়েছেন, সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং স্বচ্ছতা বজায় রেখে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজনের ব্যাপারে তারা যথেষ্ট আত্মবিশ্বাসী।"

তবে, ইসি এই বিষয়ে কী প্রতিক্রিয়া জানিয়েছে, তা তিনি বিস্তারিতভাবে জানাননি। রিজভী আরও বলেন, প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে পোস্টাল ব্যালট ব্যবস্থা নিয়েও আলোচনা হয়েছে।

সম্প্রতি নুরুল হক নুরের ওপর হামলার ঘটনা প্রসঙ্গে রুহুল কবির রিজভী বলেন, একজন পরিচিত রাজনৈতিক নেতার ওপর এমন আক্রমণ একটি গণতান্ত্রিক দেশে কাম্য নয়। তিনি এই ঘটনার তীব্র নিন্দা জানান এবং একটি নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান।